

## প্রজ্ঞাপন

তারিখ: ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২৩৪-আইন/আয়কর/২০১১।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, এবং এতদ্বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল প্রজ্ঞাপন রহিতক্রমে, সরকার বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিল্প ও বণিক সমিতি, বাণিজ্য সংগঠন, শিল্প বা বণিক সমিতি ফেডারেশন এর সদস্যগণের নিকট হইতে প্রাপ্ত চাঁদা বা বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত অনুদানকে উক্ত Ordinance এর আওতায় প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। ইহা ১ জুলাই, ২০১১ ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd/](http://www.kdroy.com.bd/)[www.ltr.com.bd](http://www.ltr.com.bd/)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আমিনুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

## প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১৬-আইন-আয়কর/২০১২।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এতদ্বারা অত্র বিভাগের ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৪-আইন/আয়কর/২০১১ রহিতক্রমে, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিল্প ও বণিক সমিতি, বাণিজ্য সংগঠন, শিল্প বা বণিক সমিতি ফেডারেশন এর সুদ বা মুনাফা আয় (income from interest), গৃহ সম্পত্তি হইতে আয় (income from house property) এবং ব্যবসা আয় (income from business) ব্যতীত অন্যান্য সকল আয়কে উক্ত Ordinance এর আওতায় প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। ইহা ১ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।



রাষ্ট্রপতির আদেশক্রমে,  
সৈয়দ মোঃ আমিনুল করিম  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১০-আইন-আয়কর/২০১৩।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এতদ্বারা ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১৬-আইন/আয়কর/২০১২ রহিতক্রমে, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিল্প ও বণিক সমিতি, বাণিজ্য সংগঠন, শিল্প বা বণিক সমিতি ফেডারেশন এর সুদ বা মুনাফা হইতে আয় (income from interest) এবং ব্যবসায় হইতে আয় (income from business) ব্যতীত অন্যান্য সকল আয়কে উক্ত Ordinance এর আওতায় প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। ইহা ১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সৈয়দ মোঃ আমিনুল করিম

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)